দৈনিক ইত্তেফাক
১৩
তারিখ ··· JUL 12 1999
পৃষ্ঠা ৩ কলাম ৪

ত্রিশালে চলতি অর্থবছরে

# কবি নজরুল বিশ্ববিদ্যালয়ের নির্মাণ কাজ শুরু হইবে

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী জিল্লুর রহমান বলেন, জাতীয় কবি কাজী নজরুল ইসলামের স্মৃতিবিজড়িত ময়মনসিংহ জেলার ত্রিশালে বটতলা গ্রামে চলতি অর্থ-

( ৫ম পৃঃ দ্রঃ )

## কবি নজরুল বিশ্ববিদ্যালয়ের

( ৩য় পৃঃ পর )

বছরে কবি নজরুল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার লক্ষ্যে নির্মাণ কাজ শুরু করা হইবে। তিনি শনিবার তাহার ঢাকার ৪ নং হেয়ার রোডস্থ সরকারী বাসভবন প্রাঙ্গণে কবি নজরুল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা উপলক্ষে আয়োজিত সুধী সমাবেশে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন।

বৃহত্তর ময়মনসিংহ সাংস্কৃতিক ফোরামের কবি নজরুল বিশ্ববিদ্যালয় বাস্তবায়ন কমিটি এই সমাবেশের আয়োজন করে। কমিটির আহ্বায়ক ভূমি প্রতিমন্ত্রী আলহাজ্ব রাশেদ মোশারফ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। ডেপুটি স্পীকার এডভোকেট আবদুল হামিদ, কৃষি ও খাদ্যমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী, ধর্ম প্রতিমন্ত্রী মাওলানা নূরুল ইসলাম, স্বাস্থ্য প্রতিমন্ত্রী এম আমানুল্লা প্রধানমন্ত্রীর উপদেষ্টা আসাদুজ্জামান এবং বৃহত্তর ময়মনসিংহের সংসদ সদস্যগণ অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

কবি নজরুল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার লক্ষ্যে ময়মনসিংহের ত্রিশালে ১৫ একর জমি অধিগ্রহণের কাজ সম্পন্ন হইয়াছে। বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ও একাডেমিক ভবন এবং ছাত্রীবাস নির্মাণের জন্য প্রাথমিক পর্যায়ে প্রাক্কলিত ব্যয় ধরা হইয়াছে দশ কোটি টাকা। —তথ্য বিবরণী